

সাত কলেজের চতুর্থ বর্ষের ফাইনাল পরীক্ষা

ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সরকারি সাত কলেজের চতুর্থ বর্ষের ফাইনাল পরীক্ষা নিয়ে গাফিলতি দেখা যাচ্ছে। গত ২৬ নভেম্বর ৪র্থ বর্ষের সব বিভাগের ফাইনাল পরীক্ষা ছিল। কিন্তু সোহরাওয়ার্দী কলেজ কেন্দ্রে ভাংচুরের পরিপ্রেক্ষিতে ঐদিনের পরীক্ষা স্থগিত করা হয়। গত পরশু এক নোটিশের মাধ্যম স্থগিতকৃত পরীক্ষা আগামী ৬/১/২০২৫ তারিখে অনুষ্ঠিত হওয়ার কথা বলা হয়েছে। এ অবস্থায়, ফাইনাল পরীক্ষা দেরিতে শেষ হওয়ায় সাত কলেজের শিক্ষার্থীরা বিসিএসসহ অন্যান্য চাকরির পরীক্ষায় অংশগ্রহণ থেকে বঞ্চিত হচ্ছে। জুলাই গণঅভ্যুত্থানের কারণে পরীক্ষা শুরু থেকে যথেষ্ট বিলম্ব হয়েছে। তাই দ্রুত পরীক্ষা শেষের কথা মাথায় রেখে রুটিন প্রকাশ করা হলেও একটি পরীক্ষার জন্য শিক্ষার্থীরা প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। সুতরাং ডিসেম্বরের শেষে বা প্রয়োজনে ছুটির দিনে পরীক্ষা নিয়ে দ্রুত সময়ের মধ্যে পরীক্ষা শেষ করে শিক্ষার্থীদের চাকরির পরীক্ষাগুলোতে অংশগ্রহণের সুযোগ দেওয়া হোক।

তাওহীদ ইসলাম সজীব
শিক্ষার্থী, ঢাকা কলেজ